
পিতৃ-গীতা

পিতৃ-গীতা ।



অমি ধন্তঃ কুলে জ্ঞানদাম্বাকং মতিমান্ নরঃ ।
অকুর্স্বন বিভ্রশাঠাং বঃ পিণ্ডান্ নোঁ নিব'পিষ্যতি ॥ ১ ॥
বভুবস্বমহীষান-সর্কভোগাদিকং বস্ব ।
বিভবে সতি বিপ্রোভ্যো যোহস্মাত্তিস্ত দাস্ততি ॥ ২ ॥
অন্নেন বা বধাশক্ত্যা কালেহস্মিন্ ভক্তিনন্নধীঃ ।
ভোজয়িস্যতি বিপ্রো গ্র্যান্ তন্মাত্রবিভবো নবঃ ॥ ৩ ॥
অসমর্থোহন্নদানস্ত ধাত্তমামং অশক্তিতঃ ।
প্রদাস্ততি বিজ্ঞাগ্রোভ্যঃ স্বল্পান্নাঃ বাপি দক্ষিণাম্ ॥ ৪ ॥
তত্রাপ্যসামার্থায়ুতঃ করাগ্রাগ্রস্থিতাংস্তিলান্ ।
প্রণম্য বিজমুখায় কশ্মৈচিৎপ দাস্ততি ॥ ৫ ॥
তিলৈঃ সপ্তাষ্টভিব'পি সমবেতান্ জলাঞ্জলীন্ ।
ভক্তিনন্নঃ সমুদ্ভিস্ত ভূবাস্বাকং প্রদাস্ততি ॥ ৬ ॥

তিনি বিভ্রশাঠা না কবিয়া আমাদিগকে পিণ্ডদান করেন, এরূপ ধন্ত কোন জ্ঞানী ব্যক্তি যদি আমাদের বংশে জন্মগ্রহণ করেন, তাহা হইলে আমবা কৃতকৃত্য হই ॥ ১ ॥

সেই সম্বন্ধে যদি ঐশ্বৰ্য্য থাকে, তাহা হইলে তিনি আমাদের উদ্দেশ্যে ব্রাহ্মণগণকে রত্ন, বস্ব, ভূমি, বান, ধন ও সর্কপ্রকার ভোগ্য দান করিবেন ॥ ২ ॥

যদি তাদৃশ বিষয়বিভব না থাকে, তাহা হইলে বধাকালে ভক্তিনন্ন হইয়া বধাশক্তি অন্ন দ্বাৰা প্রধান প্রধান ব্রাহ্মণগণকে ভোজন করাইবে ॥ ৩ ॥

যদি অন্নদানেও অসমর্থ হয়, তাহা হইলে শ্রেষ্ঠ ব্রাহ্মণগণকে অশক্তি অন্ন-সাবে আমদাত্ত অথবা যৎকিঞ্চিন্নাত্র দক্ষিণা প্রদান করিবে ॥ ৪ ॥

বাজন । যদি কোন ব্যক্তি ইহাতেও অসমর্থ হয়, তাহা হইলে করাগ্রদ্বারা কতকগুলি তিল গ্রহণ করিয়া কোন ব্রাহ্মণকে নমস্কারপূর্বক দান করিবে ॥ ৫ ॥

অথবা ভক্তিনন্ন হইয়া সাতটি বা আটটি তিলমাত্র জলাঞ্জলি আমাদের উদ্দেশ্যে ভূমিতে নিক্ষেপ করিবে ॥ ৬ ॥

যতঃ কৃতশিৎ সংপ্রাপ্য গোভ্যো বাপি গবাহিকম্ ।

অভাবে গ্ৰীণন্নয়ান্ শ্রদ্ধায়ুক্তঃ প্রদাস্ততি ॥ ৭ ॥

সর্বাভাবে বনং গহা কক্ষামূলপ্রদর্শকঃ ।

সূর্যাদিলোকপালানামিদমুচ্চৈঃ পঠিষ্যতি ॥ ৮ ॥

ন মেহস্তি বিত্তং ন ধনং ন চাত্মং,

শ্রাদ্ধোপযোগ্যং অপিতৃন্ নতোহস্তি ।

তৃপ্যন্ত ভক্ত্যা পিতরো ময়েত্তৌ,

ভুক্তৌ কৃতৌ বন্ধনি মরুতস্ত ॥ ৯ ॥

ওঁর্ক উবাচ ।

ইত্যেতৎ পিতৃভির্গীতং ভাবাভাবপ্রয়োজনম্ ।

যঃ করোতি কৃতং তেন শ্রাদ্ধং ভবতি পার্থিব ॥ ১০ ॥

ইতি পিতৃগীতা ॥

অথবা যদি ইহাতেও অপরাগ হয়, তাহা হইলে যে কোন স্থান হইতে গবাহিক তণ সংগ্রহপূর্বক শ্রদ্ধায়ুক্ত হইয়া আমাদের প্রীতির উদ্দেশ্যে গাভীকে প্রদান করিবে ॥ ৭ ॥

যদি কিছুই সঙ্গতি না হয়, তাহা হইলে বনমধ্যে প্রবিষ্ট হইয়া কক্ষামূল প্রদর্শন পূর্বক অর্থাৎ উর্দ্ধবাচ হইয়া আদিত্য প্রভৃতি লোকপালগণের সমক্ষে উচ্চৈঃস্বরে এই (বক্ষ্যমাণ) মন্ত্র পাঠ করিবে ॥ ৮ ॥

আমার সুবর্ণ, রৌপ্য প্রভৃতি বিত্ত নাই, ধাতু প্রভৃতি ধন নাই, আমার পিতৃশ্রাদ্ধোপযোগী আর কোন বস্তুই নাই, অতএব আমি পিতৃগণকে নমস্কার করিতেছি, আমার একমাত্র ভক্তি দ্বারাই পিতৃগণ পরিতৃপ্ত হউন, আমি এই বাহুঘর আকাশে নিক্ষেপ করিলাম ॥ ৯ ॥

ওঁর্ক কহিলেন, রাজন্ ! ধন থাকিলে কি করিতে হইবে, ধন না থাকিলেই বা কিরূপ করিতে হইবে, তাহা এই পিতৃগণ বলিয়াছেন । যিনি উক্তরূপ অনুষ্ঠান করেন, তাঁহার শ্রাদ্ধ সম্পাদন করা হয় ॥ ১০ ॥